

খুলনা বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন আজ

■ খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তনকে ঘিরে ক্যাম্পাসে সাজ সাজ রব পড়ে গেছে। আজ ২৫ নভেম্বর এ সমাবর্তন অনুষ্ঠিত হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হানিদ অ্যাডভোকেট এ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। সমাবর্তন অনুষ্ঠানে আড়াই হাজার গ্যাজুয়েটসহ প্রায় ৪ হাজার অতিথি উপস্থিত থাকবেন। এছাড়া ১৪ জনকে দেয়া হবে)গোল্ড মেডেল।

এর আগে ১৯৯০-৯১ শিক্ষাবর্ষ থেকে শিক্ষা কার্যক্রম শুরু হওয়ার পর খুলনা বিশ্ববিদ্যালয়ে ৪টি সমাবর্তন অনুষ্ঠিত হয়। প্রথম সমাবর্তন ১৯৯৭ সালের ১০ এপ্রিল, দ্বিতীয় সমাবর্তন ২০০১ সালের ১৩ ফেব্রুয়ারি, তৃতীয় সমাবর্তন ২০০৭ সালের ১৯ মার্চ এবং ৪র্থ সমাবর্তন ২০১০ সালের ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হয়।

পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান সফলভাবে আয়োজনে উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়ের উজ্জামানকে সভাপতি করে ইতিমধ্যে স্থিয়ারিং কমিটি ও অর্গানাইজিং কমিটি গঠন করা হয়। এছাড়া একাধিক উপ-কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো স্ব স্ব দায়িত্ব সম্পন্ন করেছে। ক্যাম্পাসের পুরাতন খেলার মাঠে মূল সমাবর্তন অনুষ্ঠান হবে। পুরো বিশ্ববিদ্যালয় এখন উৎসবমুখর।

১৯৮৭ সালের ৪ জানুয়ারি এই বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত আদেশ সরকারি গেজেট প্রকাশিত হয়। এরপর থেকেই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের সূচনা হয় এবং ১৯৮৯ সালের ৯ মার্চ বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়। পরবর্তীতে ১৯৯০-৯১ শিক্ষাবর্ষে ৪টি ডিসিগ্নমেন্টে (আর্কিটেকচার, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রুরাল প্লানিং ও ব্যবসায় প্রশাসন) ৮০ জন ছাত্র-ছাত্রী নিয়ে ৩০ আগস্ট প্রথম ওরিয়েন্টেশন ও পরদিন ৩১ আগস্ট খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের যাত্রা শুরু হয়। ১৯৯১ সালের ২৫ নভেম্বর শিক্ষা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।